গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে অভিজ্ঞতা ও শেয়ারিং সভা অনুষ্ঠিত

গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন প্রকল্প ও কাজ সরেজমিনে দেখার জন্য পরিদর্শন ও অভিজ্ঞতা শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বেচ্ছাসেবক ফোরামের সাধারণ সম্পাদক এ এস এম আবু সায়েম পল্টুর সভাপতিত্বে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের গ্লোবাল প্রেসিডেন্ট টীম প্রিউইট, দি হাঙ্গার প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার, গ্লোবাল ফিনান্স এন্ড এডমিন জেথ্রো ক্লিবেউকার, ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর ড. নাজমুন নাহার, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহাা, গাংনী থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের যশোর রিজিওনের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হোসাইন, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, বামুন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, নাগরিক কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক সুজনের সাবেক জেলা সম্পাদক সৈয়দ জাকির হোসেন, নাগরিক কমিটির সাধারণ সম্পাদক ও পিএসজি গাংনীর কোর্ডিনেটর সাংবাদিক রফিকুল আলম বকুলসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় মাঠ পর্যায়ের কর্মীরা তাদের বিভিন্ন সফলতা ও সামাজিক ভাল কাজের কথা তুলে ধরেন। স্বাস্থ্য, শিক্ষা স্যানিটেশন, বাল্য বিবাহ মুক্ত করা গর্ভবতী নারীর পুষ্টি ও স্বাস্থ্য সেবা, করোনাকালীন বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন গাংনীকে উন্নত গাংনী গড়ে তোলার জন্য ও সরকারের বিভিন্ন নীতি বাস্তবায়নে বেসরকারি অংশীদার হিসেবে দি হাঙ্গার প্রজেক্ট কাজ করে থাকে। দি হাঙ্গার প্রজেক্টের কর্মীরা নিজেরা কিভাবে স্বাবলম্বী হয়েছে ও মানুষকে স্বাবলম্বী করে গড়ে তুলেছে তা তুলে ধরা হয় শেয়ারিং সভায়। বিদেশি ডেলিগেটূদের পেয়ে কর্মীরা ছিল

উচ্ছ্বসিত ও প্রানবন্ত। দি হাঙ্গার প্রজেক্টের গ্লোবাল প্রেসিডেন্ট টীম প্রিউইট দি হাঙ্গার প্রজেক্টের কর্মীদের সফলতার গল্প শুনে অভিভূত হয়েছেন। তিনি বিশ্বে তাদের সফলতার গল্প ছড়িয়ে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

গাংনীতে মসজিদে নামাজ পড়ানো নিয়ে সংঘর্ষে আহত-১০

পবিত্র শবে বরাতের রাতে ইমামের অনুপস্থিতিতে মসজিদে এশার নামাজ পড়ানোকে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছেন।গাংনী উপজেলার হিজলবাড়িয়া উত্তরপাড়া জামে মসজিদের সামনে রবিবার (২৫ ফেব্রুয়ারি) দিবাগত রাত ৯ টার দিকে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতদের মধ্যে হিজলবাড়িয়া গ্রামের মুমরেজের ছেলে বাদশা মিয়া (৬০), সিরাজুল ইসলাম(৫০), মৃতু আব্দুর রহমানের ছেলে নবিছদ্দীন (৫০) কে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বাকিরা স্থানীয়ভাবে গ্রাম্য চিকিৎসকের কাছে চিকিৎসা নিয়েছেন।

মসজিদের কয়েকজন মুসল্লী নাম প্রকাশ না করার শর্তে জানান, মসজিদের পেশ ইমাম মুফতি মাওলানা মোহাম্মদ আজমাইন হোসেন পাশের গ্রামে মিলাদ পড়তে যাওয়ায় অনুপস্থিত ছিলেন। যে কারনে সবার সিদ্ধান্ত মোতাবেক মুসল্লীদের মধ্যে থেকে মাহফুজ আলম নামের একজন ইমামতি করেন। নামাজ শেষে নজরুল ইসলাম নামের অপর এক মুসল্লী মসজিদের বাইরে এসে নামাজ নিয়ে প্রশ্ন তুলে বলেন নামাজ পড়ানো হয়নি। এনিয়ে মুসল্লীদের মধ্যে দুই ভাগ হয়ে একে অপরের সাথে বাকবিতন্ডায় লিপ্ত হয়। বাকবিতন্ডার এক পর্যায়ে সংঘর্ষে লিপ্ত হয়। এসময় উভয় পক্ষই লাঠিসোটা নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়লে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হন।

খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেন। মসজিদ কমিটির সভাপতি তোফাজ্জল হোসেন জানান, মসজিদের ইমাম সাহেব ছুটি নিয়ে পাশের গ্রামে মিলাদ পড়াতে যাওয়ায়

মাহফুজ আলমকে ইমামতির দায়িত্ব দেওয়া হয়েছে। এখানে সমস্যা হওয়ার কথা না।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তবে এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেইনি। লিখিত অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে র্যাবের অভিযানে ইয়াবাসহ যুবক আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) অভিযান চালিয়ে ৫০ পিচ ইয়াবাসহ মোঃ মোকলেছুর রহমান(২৬) নামের এক যুবককে আটক করেছে। আটক মোকলেছুর রহমান চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া গ্রামের মৃত আব্দুল মান্নানের ছেলে।

রবিবার (২৫ ফেব্রুয়ারী) সন্ধ্যায় গাংনী উপজেলার আমতৈল বাজারে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে ইয়াবাসহ আটক করা হয়।

র্যাব-১২ এর সিপিসি-৩, মেহেরপুরের কোম্পানীর কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামানের নেতৃতে র্যাবের একটি দল অভিযানে অংশ নেন। র্যাব কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান জানান, ধৃত মোঃ মোকলেছুর রহমানকে জিজ্ঞাসাবাদে স্বীকার করে একই এলাকার রমজান আলীর ছেলে
মোঃ আশরাফ আলী (২৭)সহ যোগসাজশে দীর্ঘ দিন মাদকদ্রব্য বিক্রি করে আসছিলেন।

ধৃত এবং পলাতক আসামীর বিরুদ্ধে গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক)/৪১ ধারায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। আসামি মকলেছুর রহমানকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। পলাতক আশরাফ আলীকে গ্রেফতারের চেষ্টা চলছে।

গাংনীর দুটি মাঠে কলা ও তামাক ক্ষেত কর্তণ, কৃষকদের মাঝে আতঙ্ক

গাংনী উপজেলার বালিয়াঘাট মাঠে ১৭ বিঘা জমির কলা গাছ কর্তণ ও চোখতোলা মাঠে কৃষকের প্রায় দুই বিঘা জমির তামাক কর্তনের ঘটনায় কৃষকদের মাঝে আতংক ছড়িয়ে পড়েছে।

মাঠের উঠতি ফসল নিয়ে চিন্তিত হয়ে পড়েছেন কৃষকরা। ফসল কর্তনের ঘটনায় থানায় লিখিত অভিযোগ দিলেও এখন পর্যন্ত পুলিশের কোনো পদক্ষেপ না দেখতে পেয়ে হতাশা ও ক্ষোভ প্রকাশ করেছেন ভুক্তভোগী কৃষকরা।

তবে পুলিশের কর্মকর্তা বলছেন তদন্ত চলছে। জানা গেছে, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের ১২ নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য(মেম্বর) মোঃ রহিদুল ইসলাম গাংনী উপজেলার বালিয়াঘাট মধ্যাপাড়ার মাঠে অন্যের জমি বর্গা নিয়ে লোন, ধার ও সুদের উপর টাকা নিয়ে ১৭ বিঘা জমিতে কলার চাষ করেন।

প্রায় এক মাসে আগে রাতের আঁধারে ৬ বিঘা জমির কলা গাছ কেটে তসরুপাত করে দুর্বৃত্তরা। এক মাস পরে গত বৃহস্পতিবার দিবাগত রাতের কোনো এক সময় একই মাঠে আবারও তার ১১ বিঘা জমির কলা গাছ কেটে তসরুপ করে। ১৭ বিঘা জমির কলা গাছ কেটে দেওয়ায় আনুমানিক ২০ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে দাবি এই কৃষকের।

কৃষক রহিদুল ইসলাম বলেন, গাংনী থানা পুলিশ প্রশাসনের কাছে আমি যাচ্ছি পুলিশ কিছুই করছেনা।প্রথম যখন ৬ বিঘা জমির কলাগাছ কাটে।তখন থানায় গেছি দুইদিন। স্থানীয় ভবানীপুর পুলিশ ক্যাম্পে গেছি একাধিক বার। অভিযোগ করেছি। কিন্তু অভিযোগের ফলাফল কিছুই পাইনি। অভিযোগ দেওয়ার পর পুলিশ দুই দিনই এসেছে। তারা আশ্বাস দিয়েছিলো সুষ্ঠু বিচার হবে। শুধু আশ্বাসই দিয়েছে ফল আমি পাইনি।

এই বিষয়ে পুলিশের কোনো পদক্ষেপ না পেয়ে ক্ষোভ প্রকাশ করে কলা

এসব বিষয় গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম সাংবাদিকদের জানান, মানুষের সাথে মানুষের শত্রুতা থাকতে পারে। এজন্য ফসলের ক্ষেত বিনষ্ট করতে হবে। এটা খুবই দু:খজনক। মাঠে ঘটনাগুলো ঘটছে, যেখানে পুলিশের ডিউটি সম্ভব নয়। এছাড়া কৃষকরাও পাহারা দিতে পারেনা।

ইতোপূর্বে ফসল কর্তণের ঘটনায় মামলা নেওয়া হয়েছে। সে মামলা তদন্ত চলছে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তবে তারা কারো বিরুদ্ধে অভিযোগ দায়ের করেননি। অভিযোগ দায়ের করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ঘটনার সাথে জড়িতদের সনাক্তকরণে আমরা চেষ্টা করছি।

গাংনীতে তামাক ক্ষেত কর্তণ, তিনজনের বিরুদ্ধে থানায় অভিযোগ

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের চোখতোলা মাঠে দুই কৃষকের প্রায় দুই বিঘা জমির উঠতি তামাক ক্ষেত কর্তণ করেছে দুর্বৃত্তরা। এতে দুই কৃষকের প্রায় চার লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে অভিযোগ করেন দুই কৃষক।

গতকাল শনিবার দিবাগত রাতের কোনো এক সময় একই উপজেলার সাহারবাটি ইউনিয়নের চোখতোলা মাঠে এই তামাক কর্তণের ঘটনা ঘটেছে।
জানা গেছে, ধর্মচাকি গ্রামের কৃষক ফজলুল হকের দেড় বিঘা ও রিপন আলীর ১৪ কাঠা জমির উঠতি তামাক ক্ষেত কর্তন করেছে দুর্বৃত্তরা। এতে ফজলুল হক ও রিপন আলীর প্রায় ৪ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানান তারা।

এঘটনায় ধর্মচাকি গ্রামের তিন জনকে বিবাদী করে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেন ফজলুল হক। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

আসামিরা হলেন, ওই গ্রামের মৃত হারুন অর রশিদের ছেলে আব্দুল

কাদের, মৃত ফাকের আলীর ছেলে আব্দুল কুদ্দস ও মৃত ইয়াছিন আলীর ছেলে মঙ্গল আলী।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, মানুষের সাথে মানুষের শত্রুতা থাকতে পারে। এজন্য ফসলের ক্ষেত বিনষ্ট করতে হবে। এটা খুবই দু:খজনক। মাঠে ঘটনাগুলো ঘটছে, যেখানে পুলিশের ডিউটি সম্ভব নয়। এছাড়া কৃষকরাও পাহারা দিতে পারেনা। ইতোপূর্বে ফসল কর্তণের ঘটনায় মামলা নেওয়া হয়েছে। সে মামলা তদন্ত চলছে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন।

গাংনীতে শারীরিক প্রতিবন্ধী শিশুকে হুইলচেয়ার উপহার

মেহেররপুরের গাংনীর ঢেপা গ্রামে শারীরিক প্রতিবন্ধী শিশুর মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে।

আজ শনিবার সন্ধ্যায় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান গোলাম আম্বিয়া গনপাঠাগার এর পক্ষ থেকে ঢেপা গ্রামের জিয়াউল হকের শারীরিক প্রতিবন্ধী শিশুকে একটি হুইল চেয়ার উপহার দেওয়া হয়েছে। সংগঠনটির প্রতিষ্ঠাতা সদস্য হামিদুল ইসলাম হিল্লোল প্রতিবন্ধী শিশুর বাড়িতে উপস্থিত হয়ে হুইল চেয়ারটি প্রদান করেন।

হুইল চেয়ার পাওয়া শারীরিক প্রতিবন্ধী শিশুর পিতা জিয়াউল হক জানান, কয়েক বছর ধরে আমার প্রতিবন্ধী শিশুটিকে নিয়ে খুব সমস্যার মধ্যে আছি। অনেক জায়গায় বলেও একটা হুইল চেয়ারের ব্যবস্থা হয়নি। আমাদের পাশের গ্রাম চিতলার গোলাম আম্বিয়া গণ পাঠাগার এর পক্ষ থেকে আজ উন্নত মানের একটা হুইল চেয়ার দেওয়া হয়েছে আমার ছেলেকে। আমরা পরিবারের পক্ষ থেকে অনেক দোয়া করি যারা আমাদের মতো গরিব মানুষকে সহযোগিতা করেছে।

গোলাম আম্বিয়া গণ পাঠাগারের প্রতিষ্ঠাতা সদস্য হামিদুল ইসলাম হিল্লোল জানান, চিতলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধান শিক্ষক প্রয়াত শিক্ষাবিদ গোলাম আম্বিয়ার নামে সেবামূলক

প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়। এলাকায় অসহায় মানুষের মাঝে বিভিন্নভাবে সাহায্য ও সহযোগিতা করা হয়। আজকে শারিরীক প্রতিবন্ধী শিশুর মাঝে একটি হুইলচেয়ার উপহার দেওয়া হয়েছে । এবারের শীতে অনেক গরিব অসহায় মানুষের মাঝে কম্বল বিতারণ করা হয়েছে। ভবিষ্যতে সেবামূলক কর্মকান্ডের ধারাবাহিকতা অব্যাহত থাকবে সংগঠনটির পক্ষ থেকে।

হুইল চেয়ার বিতরণের সময় সংগঠনটির স্বেচ্ছাসেবী সদস্য আব্দুস সামাদ,জামান রহমান, সাধন কুমার মন্ডল,হামিদুল, কাইস মাহমুদ ও উপহার পাওয়া শিশুর পরিবারের লোকজন উপস্থিত ছিলেন।

গাংনীতে কুলের আটি শ্বাসনালীতে আটকে স্কুল ছাত্র নিহত

বরইয়ের (কুল) আটি শ্বাসনালীতে বেঁধে মো: মুরছালিন ইসলাম ওরফে জয়
(১১) নামের এক শিশু ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মারা গেছে।

নিহত মুরছালিন ইসলাম ওরফে জয় গাংনী উপজেলার সহড়াবাড়িয়া গ্রামের মন্ডলপাড়ার জহির উদ্দিনের ছেলে ও গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর ছাত্র।

মুরছালিনের শিক্ষক সহড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তারিকুজ্জামান তারিক বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, মো: মুরছালিন ইসলাম বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির মেধাবী শিক্ষার্থী ছিল।

তিনি জানান, আজ শুক্রবার (২৩ ফেব্রয়ারি) দিবাগত রাত ১ টার দিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে (ঢামেক) চিকিৎসাধীন অবস্থায় মারা যায় শিশুটি।

মুরছালিনের মা রওশনারা খাতুন জানান, গত বুধবার (২০ ফেব্রুয়ারি) সকালের দিকে বাড়ির গাছের কুল খেয়েছিলো। এসময় অসাবধানতাবসত কুলের একটি আটি খেয়ে ফেলে। পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

নিলে চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে চিকিৎসকরা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। একদিন চিকিৎসাধীন থাকার পর মারা যায় মুরছালিন।

মা রওশনারা খাতুন আরও জানান, আটিটি তার শ্বাসনালীতে আটকিয়ে মারা গেছে বলে চিকিৎসক জানিয়েছে। আজ শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) গ্রামের বাড়ি সহড়াবাড়িয়াতে শিশটির দাফন সম্পন্ন হয়েছে।

“বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি”……. এমপি সাগর

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর বলেন, একুশে ফেব্রুয়ারি শুধু একটি আন্দোলন ছিলনা, একুশে ফেব্রুয়ারি ছিলো বাঙালি জাতিসত্তার প্রাথমিক দাবি। বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি। শুধু ভাষার জন্য নয়, বাঙালিকে বিশ্বের বুকে তুলে ধরতেই ভাষা আন্দোলন শুরু হয়েছিল। তাই ভাষাকে বিকৃত করে নয়, শুদ্ধ ভাষায় বাংলা ভাষা শিখতে হবে।

গাংনী উপজেলা প্রশাসন কর্তৃক মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের পুরুস্কার বিতরণী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আজ বুধবার বেলা ১২ টার সময় এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সদস্য আহমেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম,

গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

এছাড়া বক্তব্য রাখেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মেহেরপুর জেলা পরিষদের সদস্য শাহানা ইসলাম শান্তনা, গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দিন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হক সাগর এমপি আরও বলেন, বাঙালি জাতির ইতিহাস, হাজার বছরের। বৃটিশরা ২০০ বছর শাসন ও শোষণ করতে পারলেও আমাদের ভাষা ও সংস্কৃতিকে কেড়ে নিতে পারিন। পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালির শেষ সম্বল ভাষাটুকুও কেড়ে নিতে চেয়েছিল। কিন্ত তারা সেটা পারেনি।

তিনি বলেন, শুধু উপজেলা বা জেলা পর্যায়ে ভাষা দিবসের এই আলোচনা সীমাবদ্ধ রাখলে হবেনা। ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে এর তাৎপর্য ছড়িয়ে দিতে হবে। যাতে ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করে। আজ বিশ্বজুড়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হচ্ছে। আমরা বাংলা ভাষাকে মাতৃভাষা হিসেবে পেয়েছি। পাকিস্তানি বাহিনী উর্দুকে রাষ্ট্রভাষা করতে চেয়েছিল। কিন্তু আমাদের জাতির পিতাসহ অন্যান্য ভাষা সৈনিকেরা সেদিন তীব্র আন্দোলন করে রক্তের বিনিময়ে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করেছিলো। এই অর্জন এতো সহজ ছিল না। অনেক ত্যাগ ও রক্তের বিনিময়ে এই অর্জন।বিশ্বের বুকে একমাত্র বাংলাদেশই মাতৃভাষার জন্য আন্দোলন করেছে। ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মকে জানাতে হবে। ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করবে।

এমপি সাগর আরও বলেন, নতুন প্রজন্মকে শুদ্ধ বাংলা বলা শেখাতে হবে। ইংলিশ, আরবি ভাষা শিখবে বিশ্বের বুকে দাঁড়াতে। শুদ্ধ বাংলা ভাষা অবশ্যই শিখতে নিজের অস্তিত্বকে টিকিয়ে রাখতে। স্মার্ট বাংলাদেশ গড়তে ও বিশ্বের বুকে টিকে থাকতে ইংরেজি ভাষাও শিখতে হবে। তবে, মাতৃভাষার প্রতি শ্রদ্ধা ও ভালবাসা থাকতে হবে।

প্রধান অতিথি নাজমুল হক সাগর আরও বলেন, যারা বাংলাদেশকে নিজের দেশ মনে করেনা, তারাই বিদেশে টাকা পাচার করে। নিজের দেশের প্রতি প্রেম থাকতে হবে। তারাই ভবিষ্যতে প্রজন্মকে ধ্বংস করতে বাধাগ্রস্ত করছে।

‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ উপলক্ষে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, মহান কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর এমপি।

মানববন্ধনের মাইক বন্ধে পুলিশ পাঠিয়ে, ইউএনওর দুঃখ প্রকাশ

মেহেরপুরে সাংবাদিকের ওপর হামলার প্রতিবাদে গাংনী উপজেলা প্রেসক্লাবের উদ্যোগে দীর্ঘ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এদিকে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য চলাকালীন সময়ে পুলিশ পাঠিয়ে মাইক বন্ধের নির্দেশ দিয়ে পরে দুঃখ প্রকাশ করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলা প্রেসক্লাবের সামনে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের পাশে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

প্রধান অতিথির বক্তব্যে এম এ খালেক বলেন, সাংবাদিকদের উপর হামলার ঘটনার সাথে জড়িত দু’জনকে গ্রেফতার করা হয়েছে। বাকি আসামিদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনতে হবে।

দৈনিক ইত্তেফাক পত্রিকার গাংনী সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় মানববন্ধন কর্মসুচিতে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য একরামুল হক, তেরাইল জোড়পুকুরিয়া বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের অধ্যক্ষ মাসুমুল হক মিন্টু, বাঁশবাড়িয়া টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজম্যান্ট

কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দিন, এনজিও কর্মী নুরুল ইসলাম রিন্টু, সমাজ কর্মী, আব্দুর রব প্রমুখ।

এদিকে মানববন্ধন কর্মসূচি পালনকালিন সময় গাংনী থানার এস আই তৌহিদ উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার উদ্ধৃতি দিয়ে মাইক বন্ধ করার জন্য বলেন। বিষয়টি নিয়ে সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়।

মানববন্ধন কর্মসূচি পালন শেষ সাংবাদিকরা উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার অফিসকক্ষে দেখা করেন। এবং মাইক বন্ধ করতে পুলিশ পাঠানোর বিষয়টি জানতে চান। পরে ইউএনও প্রীতম সাহা বলেন, এসএসসি পরীক্ষা চলার কারনে মাইক বন্ধ করার জন্য ওসি সাহেবকে ফোন দিয়ে মাইক বন্ধ করে দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

এসএসসি পরীক্ষা চলাকালীন সময়ে গাংনী উপজেলা অডিটরিয়ামে উপজেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতায় মাইক ব্যবহার করে উচ্চ শব্দে নাচ গান চলছে এটা কতটা যুক্তিযুক্ত?

মানববন্ধন চলাকালে বিভিন্ন ক্লিনিক ও মাংস বিক্রেতার একাধিক মাইকিংয়ের গাড়ি পাকা সড়কে যেতে দেখা গেছে তাদের জন্য কি ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে? গত বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারী) এসএসসি ও সমমানের পরীক্ষা শুরুর একদিন আগে সন্ধ্যায় প্রশাসনের নাকের ডগায় ও হাসপাতালের একশ গজ দূরে বিশাল কনসার্ট ও সেখানে সংঘর্ষের ঘটনা ঘটেছে, এসব ঘটনায় প্রশাসনের কোন নজরদারি দেখা যায়নি। এলাকায় ঘটে যাওয়া বিভিন্ন অনিয়ম ও অসংগতির সংবাদ প্রকাশ হলেও উল্লেখযোগ্য কোনো প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়না। প্রশাসনের নাকের ডগায় গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অবৈধ ইটভাটা গড়ে তুলে বনাঞ্চল উজাড়সহ পরিবেশ দুষন ঘটানো, সরকারি যায়গা দখল করে বাড়িঘর নির্মাণ, ড্রেজার মেসিন দিয়ে অবৈধভাবে বালি উত্তোলন, দাপ্তরিক কাজ ফেলে রেখে সরকারি সকল দফতরের কর্মকর্তাদের নিয়ে বিভিন্ন কর্মসূচিতে যোগদানের বিষয়ে সাংবাদিকরা জানকে চাইলে এসব প্রশ্নের কোনো সদুত্তর মেলেনি ইউএনও প্রীতম সাহার কাছ থেকে।

তবে এসব প্রসঙ্গ উঠলে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা মানববন্ধনের ঘটনায় মাইক বন্ধের নির্দেশনায় দুঃখ প্রকাশ করেন। তবে তিনি বলেন, আপনারা নিউজ করতেই পারেন। আজ এখানে আছি কর্তৃপক্ষ মনে

করলে বান্দরবন চলে যেতে হবে।

এদিকে আন্তর্জাতিক মাতৃভাষার মাসে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলার করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী তানভির আহমেদ মাইকের উচ্চ শব্দে হিন্দি গানের সাথে নেচে সমালোচনায় পড়েছেন আয়োজকরা।

এ বিষয়েও প্রশাসনের নজরদারির গাফেলতিকে দায়ী করছেন স্থানীয়রা।

পাশে সন্ধানী স্কুল এন্ড কলেজে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে তাহলে উচ্চ শব্দে মাইক বাজিয়ে এমন অনুষ্ঠানের বিষয়ে জানতে চাইলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন জানান এটা ইউএনও স্যারের প্রোগ্রাম। মাইক চললে কোন অসুবিধা নাই। তবে বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে জানালে ইউএনও প্রীতম সাহা অফিসের সহায়ক মনিরুল ইসলামকে পাঠিয়ে মাইক বন্ধ করার নির্দেশ দেন।

উল্লেখ্য, গেল ১২ ফেব্রুয়ারী আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) সংস্থা অফিসের সামনে সড়ক দূর্ঘটনার সংবাদ সংগ্রহকালে নিউজ ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও দৈনিক জবাবাদিহি পত্রিকার জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল দূর্বৃত্তদের হাতে হামলার শিকার হন। এই নিয়ে সাংবাদিকরা বিভিন্ন প্রতিবাদ কর্মসুচি পালন করে আসছে।

গাংনীতে আমৃত সাজাপ্রাপ্ত আসামি রিপনকে পাবনা থেকে গ্রেফতার

হত্যা মামলায় আমৃতপ্রাপ্ত আসামি রিপন আলী (৪৫)কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। গতকাল সোমবার দিবাগত রাত ১১ টার দিকে পাবনা শহরের বড়বাজার এলাকায় গাংনী থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে রিপন আলীকে গ্রেফতার করে।

আজ মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী থানার তদন্ত অফিসার

মনোজিত কুমার নন্দী সাংবাদিকদের আনুষ্ঠানিকভাবে এই তথ্য নিশ্চিত করেন।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শিমুল বিল্লাহ’র নেতৃত্বে পুলিশের একটি টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

রিপন আলী গাংনী উপজেলার আড়পাড়া গ্রামের আবু ছদ্দীনের ছেলে। তার নামের মামলা নং এস/সি, ০৬/২০০৮। ধারা ৩০২,৩২৪ প্যানেল কোড। আজ মঙ্গলবার দুপুরের দিকে রিপন আলীকে আদালতে প্রেরণ করা হয়েছে।

জানা গেছে, জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে ২০০৫ সালের ২৬ ফেব্রুয়ারি গাংনী উপজেলার আড়পাড়া গ্রামের আবু ছদ্দীনের ছেলে রিপন আলী ও প্রতিবেশী মহাসিন আলীর মধ্যে বাকবিতন্ডার এক পর্যায়ে সংঘর্ষের ঘটনা ঘটে। এসময় মহাসিন আলী গুরুতরভাবে আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল নেন। চিকিৎসাধীন থাকার পরের দিন রাতে মারা যান তিনি।

নিহত মহাসিন আলীর ভাই বাদি হয়ে রিপন আলীকে প্রধান ও তার বোন জাহানারা খাতুনসহ ৪ জনকে আসামি করে গাংনী থানায় একটি হত্যা মামলা করেন। এই মামলায় জাহানারা খাতুন দীর্ঘদিন জেলে ছিলেন। পরে সে জামিনে মুক্ত হন। মামলার রায়ে ১ জন আসামীর বেকসুর খালাস দেন। এছাড়া প্রধান আসামি রিপন আলীকে আমৃত্যু কারাদন্ডসহ বাকী আসামীদের বিভিন্ন মেয়াদে সাজা হয়। মামলার রায়ের পর থেকে রিপন পলাতক ছিল।

গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিত কুমার নন্দী গ্রেফতারকৃত রিপনকে আজ মঙ্গলবার দুপুরের দিকে মেহেরপুর আদালতে নেয়া হয়েছে।